



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.২৫৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসায় নিজস্ব ওয়েবসাইট তৈরি ও হালনাগাদ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের কামিল/ফাজিল/আলিম/দাখিল পর্যায়ের এমপিওভুক্ত ৮২২৯টি মাদ্রাসার মধ্যে কিছু সংখ্যক মাদ্রাসার নিজস্ব ওয়েবসাইট রয়েছে। সেসব মাদ্রাসার ওয়েবসাইট পরিদর্শন করলে দেখা যায় মাদ্রাসার অধ্যক্ষ/সুপারদের নাম/মোবাইল নম্বর/যোগাযোগের ঠিকানা/পাঠ্যসূচিসহ অন্যান্য কার্যক্রমের আপডেট কোন তথ্য নেই। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও প্রসারে প্রত্যেক মাদ্রাসায় তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি করতে হবে এবং মাদ্রাসার শিক্ষা কার্যক্রমসহ প্রশাসনিক সকল কার্যক্রম ওয়েবসাইটে আপডেট রাখতে হবে।

এমতাবস্থায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের সকল মাদ্রাসায় আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরিপূর্বক মাদ্রাসার শিক্ষা কার্যক্রমসহ প্রশাসনিক সকল কার্যক্রম ওয়েবসাইটে হালনাগাদ করে নিচেবর্ণিত ছক মোতাবেক ([addme.bd71@gmail.com](mailto:addme.bd71@gmail.com)) ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জেলা ও উপজেলা/থানা	প্রতিষ্ঠানের নাম	ই-মেইল	ওয়েবসাইটের ঠিকানা (website)	প্রতিষ্ঠান প্রধানের ফোন নম্বর/মোবাইল নম্বর

২০-০৭-২০২৩  
মো: জাকির হোসাইন  
উপ-পরিচালক

সভাপতি/অধ্যক্ষ/সুপার, সকল মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.২৫৭/১ (৪)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব , সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব , মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। জেলা শিক্ষা অফিসার....(সকল) এবং
- ৪। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



২০-০৭-২০২৩  
মো: জাকির হোসাইন  
উপ-পরিচালক